সৌভাগ্য-স্পর্শমণি।

মহাত্মা ইমাম মোহাম্মদ গাজ্জালী রহমতুল্লার

কিমিয়া সাআদৎ

গ্রন্থের বঙ্গানুবাদ।

পঞ্চম খণ্ড

পরিত্রাণ পুস্তক

মূল ভাগ।

মৌলবী মির্জা মোহাম্মদ ইউসফ আলী মরহুম

কর্ত্তৃক অনুবাদিত ও সম্পাদিত।

নূর-অল-ঈমান সিরিজ ১—৬

HEMA CLEAR PRINT PRESS
RAJSAHI

রাজশাহী
হেমায়েত ইসলাম ক্লিয়ার প্রিন্ট প্রেসে
শ্রীনৃপেন্দ্র চন্দ্র কর কর্ত্তৃক মুদ্রিত।

মির্জা মোহাম্মদ ইয়াকুব
কর্ত্তৃক প্রকাশিত।

দ্বিতীয় সংস্করণ
(পরিবর্ত্তিত ও পরিবর্দ্ধিত)

মূল্য ২৲ দুই টাকা মাত্র

সূচীপত্র

পূর্ব্বাহ্ণ

সূরা 'আদ্দোহা'র পদ্যানুবাদ

আলোক উজল প্রথম প্রহর শপথ জানিও তার,
নিশারও শপথ যখন উহারে ঢাকিছে অন্ধকার।
প্রভু যে তোমার করেনিক তোমা করেনিক বর্জ্জন;
তোমার উপরে রুষ্ট বিরাগ হয়নিক কদাচন।
অতীতের চেয়ে ভাবি কাল তব হবে হবে সুখময়,
অচিরে প্রভুর পাবে দান, রবে তুষ্ট যে অতিশয়।
পায়নি কি তোমা পিতামাতাহীন দিল শেষে যে শরণ?
ভ্রান্তির মাঝে হেরিয়ে, সুপথ করিল প্রদর্শন।
অভাবের মাঝে পেয়ে সে অভাব করিয়াছে যে পূরণ;
পিতামাতাহীনে করনাক কভু করনাক নিপীড়ন।
ভিখারী কাঙ্গাল দেখে কা'রে কভু করোনা তিরস্কার;
প্রভুর সকল দানের বাখানি, গাও হে মহিমা তার।

— মীর ফজলে আলী বি, এল,

(মোয়াজ্জিন—১৩৩৭)

সৌভাগ্য-স্পর্শমণি।

(পঞ্চম খণ্ড)

পরিত্রাণ পুস্তক।

উদ্ধারকারী গুণাবলীর শ্রেণীভেদ ও পরিচয়। পাঠক! জানিয়া রাখ—যে সকল গুণে মানুষ উদ্ধার পায় তাহার দুই শ্রেণী আছে। তন্মধ্যে প্রথম শ্রেণীর গুণ—নৈমিত্তিক। তাহা কেবল আল্লার পথে চলিবার সাহায্য করে মাত্র, কিন্তু তাহা চির সহচর হইতে পারে না এবং উহাই উপার্জ্জন করা মানবের মুখ্য উদ্দেশ্যও নহে। যথা—তওবা (অনুতাপ), ছবর (ধৈর্য্য), খওফ (ভয়), জোহদ (বৈরাগ্য), দরিদ্রতা, মহাছবা (কৃতকর্ম্মের দোষ বিচার); এরূপ গুণগুলি পরকাল পর্য্যন্ত সঙ্গে যাইতে পারেনা -কেবল ইহারা প্রেমাদি চির সহচর গুণ উপার্জ্জনে সাহায্য করে মাত্র। দ্বিতীয় শ্রেণীর গুণ—মানবের চির সহচর। তাহা উপার্জ্জন করাই মানব জীবনের প্রকৃত ও চরম উদ্দেশ্য। তদ্রূপ গুণার্জ্জনে যথা-সর্ব্বস্ব ব্যয় করাও কর্ত্তব্য। এই শ্রেণীর গুণ যথা—মহব্বৎ (প্রেম), শওক (উৎসাহ), রেজা (সন্তোষ), তওহীদ (একত্বজ্ঞান), তওয়াক্কোল (আল্লার প্রতি নির্ভরতা), শোকর (কৃতজ্ঞতা)। এই শ্রেণীর গুণ উপার্জ্জন করা মানব জীবনের একমাত্র মুখ্য উদ্দেশ্য। এই গুণগুলি মৃত্যুর পরেও আত্মার সঙ্গে থাকে। (টীঃ ২৬৩)

টীকা—২৬৩। মূলগ্রন্থে এই প্যারাটী, পরবর্ত্তী দ্বিতীয় পরিচ্ছেদের 'শোকর' বিষয়ক বর্ণনার প্রথম প্যারার তারকা চিহ্নিত স্থানে ছিল। শৃঙ্খলার জন্য স্থান পরিবর্ত্তন করা হইল।

এই সকল উদ্ধারকারী বা পরিত্রাণকারী গুণের বিস্তৃত বিবরণ এই গ্রন্থের পঞ্চম খণ্ড (টীঃ ২৬৪) **পরিত্রাণ পুস্তকে** লিখা হইবে। এ পুস্তকে নিম্নলিখিত দশটী পরিচ্ছেদ হইবে।

প্রথম পরিচ্ছেদ— توبة (তওবা) আল্লার পথে অনুতাপের সহিত প্রত্যাবর্ত্তন।

দ্বিতীয় পরিচ্ছেদ— صبر (ছবর) ধৈর্য্য ও شكر (শোকর) কৃতজ্ঞতা

তৃতীয় পরিচ্ছেদ— خوف (খওফ) ভয় ও رجاء (রজা) আশা

চতুর্থ পরিচ্ছেদ— فقر (ফকর) দরিদ্রতা ও زهد (জোহদ্) বৈরাগ্য

পঞ্চম পরিচ্ছেদ— نيت (নীয়ৎ) সঙ্কল্প, اخلاص (এখ্লাছ্) বিশুদ্ধতা ও صدق (ছেদক্) সত্যতা।

ষষ্ঠ পরিচ্ছেদ— مراقبة (মোরাকবা) প্রবৃত্তির প্রতি তীক্ষ্ণ দৃষ্টি রাখা এবং محاسبة (মোহাছবা) প্রবৃত্তির হিসাব লওয়া।

সপ্তম পরিচ্ছেদ— تفكر (তফকোর্) সদ্ভাব চিন্তা করা।

অষ্টম পরিচ্ছেদ— توكل (তওয়াকোল্) আল্লার প্রতি ভরসা এবং توحيد (তওহীদ) একত্ব জ্ঞান।

নবম পরিচ্ছেদ— محبت (মহব্বৎ) প্রেম। شوق (শওক) অনুরাগ رضا (রেজা) প্রসন্নতা।

দশম পরিচ্ছেদ— মৃত্যু চিন্তা ও মৃত্যু ভয়।

টীকা—২৬৪। এই গ্রন্থের বিনাশন পুস্তকের প্রথম পৃষ্ঠায় প্রথম টীকা দ্রষ্টব্য।

মূল গ্রন্থে এ পুস্তকের নাম منجيات মনজীয়াৎ। ইহা نجات 'নজাৎ' শব্দ হইতে উৎপন্ন—অর্থ 'উদ্ধার বা পরিত্রাণ'। আমরা অনুবাদের প্রারম্ভে এ পুস্তকের নাম 'উদ্ধারকারী গুণ প্রদর্শন' রাখিয়াছিলাম; কিন্তু নামটী উচ্চারণে কঠিন, দীর্ঘ এবং শুনিতেও তত ভাল নহে বলিয়া অনেক মেম্বর আপত্তি করেন। এজন্য এখন হইতে 'পরিত্রাণ পুস্তক' নাম দেওয়া গেল।

মূলগ্রন্থে ইমাম ছাহেব পূর্ব্ববর্ত্তী প্রথম প্যারার বর্ণনায় 'পরিত্রাণ পুস্তক' লিখিত সমুদয় উদ্ধারকারী গুণকে নৈমিত্তিক গুণ' ও 'মানবের চিরসহচর গুণ' এই দুই ভাগে বিভাগ করিয়া দেখান নাই। এই পুস্তকের যে গুণ গুলিকে ঐরূপ বিভাগ করিয়া দেখান হয় নাই, আমাদের বিবেচনায়, তাহাদিগকে প্রথম শ্রেণীর নৈমিত্তিক গুণ বলা যাইতে পারে। পঞ্চম পরিচ্ছেদ বর্ণিত 'সঙ্কল্প, বিশুদ্ধতা ও সত্যতা'কে অনেকে চিরসহচর গুণ বলিতে চান, কেননা পঞ্চম পরিচ্ছেদের দ্বিতীয় প্যারায় লিখিত আছে যে 'মহাবিচারক কেবল ক্রিয়াকলাপের সঙ্কল্প দেখিয়া বিচার করেন।' কিন্তু তৃতীয় পরিচ্ছেদে ধর্ম্মজীবন পথে ধর্ম্মভাব বা গুণাবলীর ক্রমবিকাশের ধারা' শীর্ষক প্যারায় ইমাম ছাহেব যাহা লিখিয়াছেন তদনুষ্ঠে ইহাদিগকে নৈমিত্তিক গুণ বলা যাইতে পারে। (আল্লাই ভাল জানেন)।